# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 22 May, 2025

যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসির ডাউনটাউনে অবস্থিত ইহুদি জাদুঘরের বাইরে ইসরায়েলি দূতাবাসের দুই কর্মীকে গুলি করে হত্যা করা হয়েছে। মার্কিন হোমল্যান্ড নিরাপত্তা মন্ত্রী ক্রিস্টি নোয়েম এ তথ্য জানিয়েছেন।খবর বিবিসি

নিহত দুজনের মধ্যে একজন নারী ও একজন পুরুষ। বিবিসি নিউজের সহযোগী সিবিএস জানিয়েছে, ওই দুজন ইহুদি জাদুঘর থেকে বের হওয়ার পরই গুলিবিদ্ধ হন। তাদেরকে লক্ষ্য করেই গুলি চালানো হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

স্থানীয় সময় রাত ৯টার দিকে তাদের গুলি করা হয়।ওই স্থানটি একটি পর্যটক কেন্দ্র।যেখানে জাদুঘর এবং সরকারি ভবন রয়েছে।এছাড়া এবিআইয়ের ওয়াশিংটন ফিল্ড অফিসও আছে।

প্রতিবেদনে বলা হয়েছে, গুলির ঘটনার সময় ইসরায়েলি দূতাবাসের একাধিক কর্মকর্তা জাদুঘরে অনুষ্ঠিত একটি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এক্স পোস্টে নোয়েম বলেন, ‘আমরা সতর্ক থেকে এ ঘটনার তদন্ত করছি এবং আরও অধিক তথ্য সংগ্রহের চেষ্টা চলছে। যারা নিহত হয়েছে তাদের পরিবারের জন্য প্রার্থনা করুন। আমরা জঘন্য এই অপরাধীদের বিচার করবো।

জাতিসংঘে নিযুক্ত ইসরায়েলের রাষ্ট্রদূত এ ঘটনাকে ইহুদি বিদ্বেষী সন্ত্রাসবাদ বলে মন্তব্য করেছেন। এক্স পোস্টে রাষ্ট্রদূত ড্যানি ডেনোন বলেন, কূটনীতিক এবং ইহুদি সম্প্রাদায়ের ক্ষতিসাধন রেড লাইন অতিক্রম করেছে। আমরা আশ্বস্তের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষের

কাছে এর বিরুদ্ধে শক্তিশালী পদক্ষেপের আশা করছি।

এ ঘটনার পর শহরে ব্যাপক পুলিশি অভিযান শুরু হয়েছে। এছাড়া নগরীর কয়েকটি প্রধান সড়ক বন্ধ করে দেয়া হয়েছে। স্থানীয় সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, নিহতদের একজন পুরুষ ও একজন নারী, তবে এখনও তাদের নাম প্রকাশ করা হয়নি।

একটি সূত্র সিবিএস নিউজকে জানিয়েছে, হামলাকারীর পড়নে নীর রংঙের জিন্স এবং নীল রংয়ের জ্যাকেট ছিল।

যুক্তরাষ্ট্র ইসরায়েল জাতিসংঘ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:17

URL: https://www.timestodaybd.com/international/2800688221